বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০১.০০০০.১৩১.৪১.০০১.২৩.১৪৯৭

বিষয়: **বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অফ সাইন্স এন্ড টেকনোলজি, খুলনা-এর শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান প্রসঙ্গে।**

জনাব

শিক্ষা মন্ত্রণালয়ের 26-02-2023 Zvwi•Li 37.00.0000.078.02.002.2022-97 নং পত্র মোতাবেক "বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অফ সাইন্স এন্ড টেকনোলজি, খুলনা "-কে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ০৬ ধারা অনুযায়ী অস্থায়ীভাবে স্থাপন ও পরিচালনার নিমিত্ত অনুমতি প্রদান করা হয়েছে। অতঃপর শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে কমিশন কর্তৃপক্ষ কর্তৃক বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত কমিটি গত ২৪/০৯/২০২৩ তারিখ বিশ্ববিদ্যালয় সরেজমিনে পরিদর্শন করে। উক্ত পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে নিম্নোক্ত শর্তে বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অফ সাইন্স এন্ড টেকনোলজি, খুলনা এর শিক্ষা কার্যক্রম শুরুর অনুমতি প্রদান করা হলোঃ

(১) বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অফ সাইন্স এন্ড টেকনোলজি, খুলনা -এর অনুমোদিত ক্যাম্পাস ( নুরজাহান টাওয়ার, হোল্ডিং-৮ও ৯, যশোর-খুলনা মহাসড়ক, আটরা গিলাতলা, ফুলতলা, খুলনা )-এ সরকার কর্তৃক নির্ধারিত সময়ের জন্য শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে এবং নির্ধারিত সময়ের পর স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম সম্পূর্ণভাবে স্থানান্তর করতে হবে;

(২) পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী নিম্নে বর্ণিত ০৬(ছয়)টি প্রোগ্রাম-এর (অনুমোদনপত্রের কপি সংযুক্ত) শিক্ষা কার্যক্রম শুরু করা যাবে;

১. B.Sc in Computer Science and Engineering
২. B.Sc in Electrical and Electronic Engineering(EEE)
৩. B.Sc in Information and Communication Engineering(ICE)
৪. B.Sc in Mechanical Engineering(ME)
৫. B.Sc in Industrial and Production Engineering (IPE)
৬. B.Sc in Civil Engineering(CE)

(৩) সরকার/কমিশনের অনুমোদিত ক্যাম্পাস ব্যতীত অন্য কোনো ঠিকানায় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা করা যাবে না এবং অননুমোদিত প্রোগ্রাম/কোর্সে শিক্ষার্থী ভর্তি বা ভর্তির বিজ্ঞপ্তি প্রচার করা যাবে না;

(৪) শিক্ষার্থী ভর্তি ও পেমেন্ট সিস্টেম অনলাইন ভিত্তিক হতে হবে;

(৫)পূর্ণকালীন শিক্ষক এর ক্ষেত্রে অধ্যাপক/সহযোগী অধ্যাপক এর ঘাটতি রয়েছে। B.Sc in Civil Engineering, BSc in Computer Science & Engineering Ges BSc in Information & Communication Engineering প্রোগ্রামে কোন অধ্যাপক/সহযোগী অধ্যাপক নিয়োজিত নাই। কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণপূর্বক টিচিং লোড ক্যালকুলেশন করে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক (বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী) নিয়োগপূর্বক কমিশনকে অবহিত করতে হবে;

(৬) ল্যাবরেটরিভিত্তিক প্রোগ্রামসমূহের ল্যাবরেটরিগুলো বিশেষজ্ঞ মতামতসমূহ যথাযথভাবে প্রতিপালন করে আগামী ৩১-০১-২০২৪ তারিখের মধ্যে কমিশনকে অবহিত করতে হবে(কপি সংযুক্ত);

(৭) কম্পিউটার ল্যাবে সর্বশেষ সংস্করণের প্রসেসর কোর আই ৯ অথবা ন্যূনতম কোর আই ৭, ১১ জেনারেশন ক্রয় করে কমিশনকে অবহিত করতে হবে;

(৮) লাইব্রেরির আয়তন বৃদ্ধি করতে হবে। প্রস্তাবিত প্রোগ্রামসমূহের জন্য পর্যাপ্ত পাঠ্য বই, রেফারেন্স বই, জার্নাল ইত্যাদিসংগ্রহ করতে হবে । লাইব্রেরিতে পত্রিকা ও সাময়িকীর ব্যবস্থা করতে হবে। লাইব্রেরিতে ডিজিটাল ক্যাটালগ ব্যবস্থা থাকতে হবে। শিক্ষার্থীরা লাইব্রেরি থেকে বই ধার(দীর্ঘমেয়াদী-৩দিন এবং স্বল্প মেয়াদী-১ দিন) নিয়ে পড়তে পারবে এমন বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে। সর্বোপরি শিক্ষার্থী বান্ধব লাইব্রেরি গড়ে তুলতে হবে এবং একইসাথে আরএফআইডি ((RFID) গেইটের ব্যবস্থা করতে হবে;

(৯) বিশ্ববিদ্যালয়ের সংরক্ষিত তহবিল হিসেবে রক্ষিত ০৫ (পাঁচ) কোটি টাকার এফডিআর স্বয়ংক্রিয়ভাবে নবায়নযোগ্য হতে হবে, সরকার তথা কমিশনের পূর্বানুমোদন ব্যতীত উক্ত এফডিআর-এর অর্থ বা এর লভ্যাংশ উত্তোলন করা যাবে না কিংবা অন্য ব্যাংকে স্থানান্তর করা যাবে না ;

(১০) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, লাইব্রেরিয়ানসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী নিয়োগ এবং প্রয়োজনীয় কর্তৃপক্ষ/কমিটি গঠন করতে হবে;

(১১) Sexual Harassment রোধে একটি কমিটি গঠন করতে হবে। একইসাথে র‌্যাগিং রোধে Anti Ragging Committee গঠন করতে হবে এবং এ সংক্রান্ত অভিযোগ দাখিলের জন্য সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে পৃথক দুইটি অভিযোগ বাক্স স্থাপন করতে হবে;

(১২) ভবনে জরুরি বহির্গমণ পথে ইমার্জেন্সী লাইটিং সিস্টেম চালু করাসহ অগ্নি নির্বাপক ব্যবস্থা এবং জরুরি চিকিৎসা সেবা সুবিধা (মেডিকেল সেন্টার, ডাক্তার, নার্স, ফার্স্ট এইড) নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের জন্য একাডেমিক সেশন শুরুর পূর্বেই পর্যাপ্ত পরিমাণে ইন্টারনেট ব্রাউজিং সুবিধা সৃষ্টি করতে হবে;

(১৩) জঙ্গি/সন্ত্রাসী তৎপরতা রোধে একটি মনিটরিং সেল গঠন করতে হবে;

(১৪) সরকার কর্তৃক মনোনীত সিএ ফার্ম দ্বারা এবং কমিশন নির্ধারিত ফরম অনুযায়ী প্রতি বছর অডিট সম্পন্ন করতে হবে এবং কপি কমিশন ও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(১৫) ইউডিএল এর সদস্যপদের জন্য ইউজিসিতে আবেদন করতে হবে;

(১৬) আইন অনুযায়ী প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করে নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীর তথ্যাদি কমিশনে প্রেরণ করতে হবে। এছাড়া শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য চাকুরী প্রবিধানমালা প্রস্তুত করতে হবে এবং অতিসত্বর কমিশনে প্রেরণ করতে হবে;

(১৭) আর্থিক হিসাব বিবরণী নিরীক্ষার সময় কমিশন কর্তৃক সরবরাহকৃত বেসরকারি বিশ্ববিদ্যালয় আর্থিক ছক অবশ্যই যথাযথভাবে অনুসরণ করে হিসাব বিবরণী প্রস্তুত করতে হবে

(১৮) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশ্লিষ্ট সকল ধারা এবং শিক্ষা মন্ত্রণালয় ও কমিশন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সকল আদেশ/নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০২-১১-২০২৩
মোঃ ওমর ফারুখ
পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অফ সাইন্স এন্ড টেকনোলজি, খুলনা, নুরজাহান টাওয়ার, হোল্ডিং-৮৩৯, যশোর-খুলনা মহাসড়ক, আটরা গিলাতলা, ফুলতলা, খুলনা।।

**স্মারক নম্বর:** ৩৭.০১.০০০০.১৩১.৪১.০০১.২৩.১৪৯৭/১ (৭)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

২। অতিরিক্ত পরিচালক / সিনিয়র আইটি ইঞ্জিনিয়ার , ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৩। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৪। সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৫। সহকারী কম্পিউটার প্রোগ্রামার , ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৬। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং

৭। কম্পিউটার অপারেটর, ইন্সপেকশন ও মনিটরিং শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

০২-১১-২০২৩
নূরী শাহরীন ইসলাম
সহকারী পরিচালক